যুগান্তর
তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৮
SEP. 18 2002

# দশ ছাত্রনেতার জামিন ও রিমান্ডের আবেদন আদালতে নাকচ

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে গ্রেফতারকৃত ১০ ছাত্রনেতার জামিন ও রিমান্ডের আবেদন আদালত নামঞ্জুর করেছেন। গতকাল ঢাকার সিএমএম আদালতে ক্যাম্পাসে ত্রাস সৃষ্টির অভিযোগে দায়ের করা মামলায় ১০ ছাত্রনেতাকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ পাঁচ দিনের রিমান্ড প্রার্থনা করে। অপর দিকে একদল আইনজীবী তাদের জামিনের আবেদন করেন। আদালত উভয় বক্তব্য শুনে জামিন ও রিমান্ডের আবেদন নামঞ্জুর করেন। বুয়েট ও ঢাবি ক্যাম্পাসে মিছিল-মিটিংয়ের মাধ্যমে ত্রাস সৃষ্টি ও পুলিশের কর্তব্য কাজে বাধা দেয়ার অভিযোগে গত ৯ সেপ্টেম্বর পুলিশ ১০ ছাত্রনেতাকে গ্রেফতার করে এক মাসের আটকাদেশ দিয়ে জেলে পাঠায়। ছাত্রনেতারা হলেন– ছাত্র ফেডারেশনের সভাপতি ফিরোজ আহমেদ, অর্থ সম্পাদক ফেরদৌস, মাসুম আহমেদ, আহসান হাবিব; ছাত্রমৈত্রীর সঞ্জীব, আবু বকর, মনির, মাসুম; ছাত্রলীগ নেতা শাখাওয়াত হোসেন শফিক ও সেলিমুজ্জামান সেলিম।